# নাতানজে পারমাণবিক স্থাপনায় হামলার অভিযোগ ইরানের



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানের নাতানজের পারমাণবিক কেন্দ্রকে লক্ষ্য করে হামলা চালিয়েছে। রোববার (১ মার্চ) জাতিসংঘে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত রেজা নাজাফি জানান, দেশটির গুরুত্বপূর্ণ পারমাণবিক স্থাপনায় আঘাত করা হয়েছে।

নাজাফি বলেন, 'গতকাল আবারও আমাদের শান্তিপূর্ণ পারমাণবিক স্থাপনায় আক্রমণ হয়েছে।' হামলার সঠিক স্থান জানতে চাইলে তিনি নাতানজ উল্লেখ করেন। এর আগে রাশিয়ার পরমাণু সংস্থা রোসাটম যুক্তরাষ্ট্র ও ইসরায়েলকে সতর্ক করেছিল, কারণ এসব স্থাপনায় হামলা হলে তেজস্ক্রিয়তা ছড়িয়ে বড় ধরনের বিপর্যয় সৃষ্টি হতে পারে। তবে এখন পর্যন্ত কোনো তেজস্ক্রিয়তার খবর পাওয়া যায়নি।

শুক্রবার (২৮ ফেব্রুয়ারি) ইরানের তেহরানসহ বিভিন্ন স্থানে হামলার সময় মূলত শীর্ষ নেতৃত্বকে লক্ষ্য করা হয়েছিল। এতে খামেনি, প্রতিরক্ষামন্ত্রী আজিজ নাসিরজাদেহ, নিরাপত্তা উপদেষ্টা আলি শামখানি, সশস্ত্র বাহিনীর চিফ আবদুল রাহিম মুসাভি এবং বিপ্লবী গার্ড বাহিনীর প্রধান মোহাম্মদ পাকপুর নিহত হন। হামলায় বেসামরিক লোকজনেরও ক্ষয়ক্ষতি হয়েছে; ইরানের রেড ক্রিসেন্ট জানিয়েছে এখন পর্যন্ত নিহতের সংখ্যা ৫৫৫।

এই হামলার প্রতিশোধ হিসেবে ইরান মধ্যপ্রাচ্যের মার্কিন ঘাঁটি ও স্থাপনায় আক্রমণ চালাচ্ছে। এতে অন্তত ৩ মার্কিন সেনা নিহত ও কয়েকটি যুদ্ধবিমান বিধ্বস্ত হয়েছে। ইসরায়েলের বেইত শেমেশেও ইরানের ক্ষেপণাস্ত্র হামলায় ৯ জনের মৃত্যু ঘটেছে এবং বহু ভবন ধ্বংস হয়েছে।

সূত্র: আল জাজিরা